

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়
www.moca.gov.bd

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০১৬ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : আক্তারী মমতাজ
তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৬
সময় : সকাল ১০:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার উপস্থিতিচিত্র সংযুক্তি-৩ এ সন্নিবেশিত।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য উপসচিব জনাব পরিমল সরকারকে আহ্বান জানান। সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|--------|--|---|---|
| ১.০ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন। | পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন বা পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়। বাস্তবায়ন : উপসচিব, প্রশাসন-২। |
| ২.১ | পূর্বাচল, উত্তরা এবং মিরপুরে সাংস্কৃতিক বলয় নির্মাণের জন্য জমি বরাদ্দকরণ। | পূর্বাচল, উত্তরা এবং মিরপুরে সাংস্কৃতিক বলয় নির্মাণ সংক্রান্ত প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগের বিষয়ে সভায় গুরুত্ব প্রদান করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এ মন্ত্রণালয়ের উপসচিব (অনুষ্ঠান) জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী এর নাম প্রস্তাব করা হয়। উক্ত কাজের তদারকির জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ মসিউর রহমান এর নেতৃত্বে একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। কমিটির সদস্য হিসেবে জনাব মোঃ মনজুরুর রহমান, যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা), প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আলতাফ হোসেন, এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমীর সহকারী পরিচালক জনাব মোঃ মোশতাক আহমেদ এর নাম প্রস্তাব করা হয়। | (১) পূর্বাচল, উত্তরা এবং মিরপুর এলাকায় সাংস্কৃতিক বলয় নির্মাণ সংক্রান্ত কার্যক্রম তদারকির জন্য অতিরিক্ত সচিব জনাব মসিউর রহমান এর নেতৃত্বে একটি কমিটি করতে হবে। (২) কমিটির সদস্য হিসেবে যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) জনাব মোঃ মনজুরুর রহমান, উপসচিব (অনুষ্ঠান) জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আলতাফ হোসেন, এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমীর সহকারী পরিচালক জনাব মোঃ মোশতাক আহমেদ থাকবেন। (৩) উপসচিব-২ কমিটি গঠন করে সংশ্লিষ্টদের অবহিত করবেন। (৪) উপসচিব জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবেন। বাস্তবায়ন : গঠিত কমিটি এবং যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা)। |
| ২.২ | জাতীয় গ্রন্থকেন্দ্রের মূল ভবনের দলিলপত্র সংগ্রহ ও সংরক্ষণ। | জাতীয় গ্রন্থকেন্দ্রের মূলভবনের দলিলপত্র সংগ্রহের বিষয়টি দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন থাকায় সচিব সভায় অসন্তোষ প্রকাশ করেন। সংশ্লিষ্ট শাখা এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ | (১) এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ অদুদুল বারী, এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) জনাব |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|--------|--|--|--|
| | | মসিউর রহমান, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ অদুদুল বারী, এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) জনাব মোঃ মনজুরুর রহমান এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠন করে একটি সভা আহ্বানের মাধ্যমে সংকট নিরসনের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | মোঃ মনজুরুর রহমান এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালকসহ একটি সভার মাধ্যমে প্রাসঙ্গিক কার্যপত্র পর্যালোচনা পূর্বক করণীয় নির্ধারণ করে সচিব বরাবরে উপস্থাপন করবেন। উপসচিব-২ সদস্য সচিব হিসেবে কাজ করবে। (২) উপসচিব-২ এ বিষয়ে কমিটি গঠন করে সংশ্লিষ্টদের অবহিত করবেন। বাস্তবায়ন : উপসচিব-২ এবং পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ২.৩ | ‘বঙ্গভবনের শতবর্ষ’ এবং ‘Hundred Years of Bangabhaban’ শীর্ষক গ্রন্থের সংস্করণ। | বর্তমানে বাংলা একাডেমী আয়োজিত অমর একুশে গ্রন্থমেলা চলমান থাকায় ‘বঙ্গভবনের শতবর্ষ’ এবং ‘Hundred Years of Bangabhaban’ শীর্ষক গ্রন্থ দু’টির মুদ্রণের কাজ সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মহাপরিচালক, বাংলা একাডেমী পরবর্তী সময়ে সচিবকে অবহিত করবেন মর্মে বাংলা একাডেমীর সচিব সভাকে অবহিত করেন। | অমর একুশে গ্রন্থমেলার পরে ‘বঙ্গভবনের শতবর্ষ’ এবং ‘Hundred Years of Bangabhaban’ শীর্ষক গ্রন্থ দু’টির মুদ্রণ কাজের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে মহাপরিচালক, বাংলা একাডেমী সচিবকে অবহিত করবেন। বাস্তবায়ন : মহাপরিচালক, বাংলা একাডেমী এবং যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা)। |
| ২.৪ | জাতীয় গ্রন্থকেন্দ্রের নিচতলাস্থ ষোলটি দোকানের মোকদ্দমা আদালতে চলমান আছে। | জাতীয় গ্রন্থকেন্দ্রের মামলাসমূহ Cause list এ অর্ন্তভুক্তির বিষয়ে যাতে জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক ডিএজি বেগম ইশরাত জাহান এর সাথে যোগাযোগ করেন সে বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | জাতীয় গ্রন্থকেন্দ্রের নিচতলাস্থ ষোলটি দোকানের অবশিষ্ট মামলা নিষ্পত্তির লক্ষ্যে মামলাসমূহ দুত Cause list এ অর্ন্তভুক্তির লক্ষ্যে ডিএজি বেগম ইশরাত জাহান সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালককে ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়ন : উপসচিব-২ এবং পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ২.৫ | নিরীক্ষা বিষয়ক আপত্তি নিষ্পত্তি। | মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকল্পে সভায় বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রণালয় সচিবালয় এবং দপ্তর/সংস্থা সমূহের মোট অনিষ্পন্ন আপত্তি ছিল ১৬১৪টি। জানুয়ারি ২০১৬ পর্যন্ত নিষ্পত্তি হয়েছে ১১৬টি। অনিষ্পন্ন রয়েছে ১৪৯৮টি। এর মধ্যে দ্বিপক্ষীয় কমিটিতে নিষ্পত্তিযোগ্য আপত্তি ১০৭৬টি, ত্রিপক্ষীয় কমিটিতে নিষ্পত্তিযোগ্য ৩৬২টি এবং পিএ কমিটিতে নিষ্পত্তিযোগ্য ৬০টি। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় অডিট আপত্তি দূততার সাথে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। | (ক) এ মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখা পর্যায়ক্রমে ত্রিপক্ষীয় কমিটিতে নিষ্পন্নযোগ্য অডিট আপত্তির নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করবে। এ পর্যায়ে বাজেট ও অডিট শাখা আগামী এপ্রিল-২০১৬ মাসে বাংলা একাডেমী ও শিল্পকলা একাডেমীর ত্রিপক্ষীয় নিষ্পন্নযোগ্য অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করবে। দপ্তর/সংস্থাভিত্তিক মোট অনিষ্পন্ন অডিট আপত্তি এবং নিষ্পত্তিকৃত অডিট আপত্তির প্রতিবেদন উপস্থাপন করবে। (খ) দপ্তর/সংস্থাসমূহ দ্বিপক্ষীয় কমিটিতে নিষ্পন্নযোগ্য অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করবে এবং প্রতিমাসে নিষ্পত্তির অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|--------|---|---|---|
| | | | বাস্তবায়ন : বাজেট ও অডিট শাখা এবং দপ্তর/সংস্থা। |
| ২.৬ | দপ্তর/সংস্থার অধিগ্রহণকৃত ভূমি ও ভূমি উন্নয়ন কর পরিশোধ। | দপ্তর/সংস্থার ২০১৪-২০১৫ সালের বকেয়া/হাল ভূমি উন্নয়ন কর পরিশোধের কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় গ্রন্থকেন্দ্রের মূল ভবনের দলিলপত্র বর্তমানে না থাকায় ভূমি উন্নয়ন কর দেয়া সম্ভব হচ্ছে না। | জাতীয় গ্রন্থকেন্দ্রের মূল দলিল সংগ্রহের পর যথারীতি ভূমিকর পরিশোধ করতে হবে। বাস্তবায়ন: (১) উপসচিব -২ এবং (২) পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ২.৭ | ২০১৫-২০১৬ অর্থ বছরের বরাদ্দকৃত প্রকল্প পরিদর্শন এবং প্রকল্প উন্নয়ন সংক্রান্ত | ২০১৫-২০১৬ অর্থ বছরের প্রকল্প/কর্মসূচীর অংশ হিসেবে ১১টি ডিপিপি জমা প্রদান করা হয়েছে মর্মে যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) সভাকে অবহিত করেন। এছাড়া, প্রকল্প/কর্মসূচি পরিদর্শনের উপর সভায় গুরুত্ব প্রদান করা হয়। | (ক) ২০১৫-২০১৬ অর্থ বছরের প্রকল্প/কর্মসূচি পরিদর্শন করতে হবে। নতুন প্রকল্প/কর্মসূচির বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে। (খ) প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে নিয়মিত Follow up করতে হবে। বাস্তবায়ন : যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এবং উপপ্রধান। |
| ২.৮ | বাংলাদেশ শিল্পকলা একাডেমী'র আইন ও প্রবিধানমালা। | বাংলাদেশ শিল্পকলা একাডেমী আইন ১৯৮৯ এবং একাডেমীর কর্মকর্তা-কর্মচারীদের প্রবিধানমালা-১৯৯২ সংশোধনের বিষয়ে ০৬-৩-২০১৬ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে মর্মে যুগ্মসচিব বেগম ফাহিমদা আখতার সভাকে অবহিত করেন। | ০৬-৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ শিল্পকলা একাডেমীর আইন ও প্রবিধানমালা চূড়ান্ত করার বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়ন : (১) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী (২) যুগ্মসচিব, বেগম ফাহিমদা আখতার। |
| ২.৯ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট/ সাংস্কৃতিক একাডেমীতে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরীর প্রবিধানমালা তৈরী/সংশোধন। | ৭টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট'এর জন্য একটি অভিন্ন প্রবিধানমালা প্রণয়ন বিষয়ে ০৬-৩-২০১৬ তারিখে একটি In House সভা আহ্বান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ০৬-৩-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট/ সাংস্কৃতিক একাডেমীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অভিন্ন (Uniform) প্রবিধানমালার চূড়ান্ত করার লক্ষ্যে করার বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়ন : (১) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী (২) যুগ্মসচিব, বেগম ফাহিমদা আখতার। |
| ৩.০ | বিবিধ আলোচনা | | |
| ৩.১ | অভ্যন্তরীণ সমন্বয় সভার উইং প্রধানগণের নিকট থেকে প্রাপ্ত তথ্যাদি। | পেন্ডিং বিষয় নিয়ে অভ্যন্তরীণ সমন্বয় সভায় আলোচনা করে নিষ্পত্তির ব্যবস্থা করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের পেন্ডিং বিষয়সমূহের তালিকা ও তার বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখার উইং প্রধান বরবারে প্রেরণ করবে। ২) মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা তাদের পেন্ডিং বিষয়সমূহ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় প্রেরণ করবে। |

সিঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|--------|--|--|---|
| | | | ৩) উইংপ্রধানগণ প্রতিমাসের অভ্যন্তরীণ সভায় পেডিং বিষয়সমূহ আলোচনা করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। (৪) উইংপ্রধানগণ উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সচিবকে অবহিত করবেন। |
| ৩.২ | মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার 'জুন-২০১৬' পর্যন্ত পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ পূরণ। | সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আগামী জুন ২০১৬ তারিখের মধ্যে পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ এর তথ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। বাংলা একাডেমী, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, বাংলাদেশ জাতীয় জাদুঘর, গণগ্রন্থাগার অধিদপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, জাতীয় গ্রন্থকেন্দ্র, নজরুল ইন্সটিটিউট, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, কপিরাইট অফিস, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাজামাটি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী এবং কক্সবাজার সাংস্কৃতিক একাডেমী, কক্সবাজারসহ মোট ১৫টি দপ্তর/সংস্থা থেকে জুন ২০১৬ তারিখের মধ্যে পদোন্নতিযোগ্য ১ম শ্রেণীর ৭০, ২য় শ্রেণীর ২৮, ৩য় শ্রেণীর ৭৫ ও ৪র্থ শ্রেণীর ২৩টি সহ মোট=১৯৬টি এবং সরাসরি নিয়োগযোগ্য ১ম শ্রেণীর ১৩৩, ২য় শ্রেণীর ৪৬, ৩য় শ্রেণীর ১৬৬ ও ৪র্থ শ্রেণীর ১৬৯টি পদসহ মোট=৫১৪টি, সর্বমোট ৭১০ টি সম্ভাব্য শূণ্যপদ পূরণ সংক্রান্ত তথ্য পাওয়া গিয়েছে (সংযুক্তি-১)। ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা এবং মনিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার থেকে 'জুন-২০১৬' পর্যন্ত পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ পূরণের তথ্য আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণের জন্য পত্র দিতে হবে। | ১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা আগামী জুন ২০১৬ তারিখের মধ্যে পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ পূরণের বিষয়ে সংযুক্ত ছক অনুযায়ী প্রতি মাসের ১০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রেরণ করবে। ২) সকল দপ্তর/সংস্থা জুন ২০১৬ তারিখের মধ্যে পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ পূরণের বিষয়ে যত দূত সম্ভব প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। ৩) ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা এবং মনিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার থেকে 'জুন-২০১৬' পর্যন্ত পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য সম্ভাব্য শূণ্যপদ পূরণের তথ্য আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণের জন্য পত্র দিতে হবে। |
| ৩.৩ | রাজস্ব উদ্বৃত্ত ও স্থিতির প্রেক্ষিতে সমর্পণ। | মাননীয় অর্থমন্ত্রীর ডি,ও পত্রের প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব উদ্বৃত্ত অর্থ সমর্পণের বিষয়টি তত্ত্বাবধান ও মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব উদ্বৃত্ত অর্থ সমর্পণের বিষয়ে উপসচিব (বাজেট ব্যবস্থাপনা) পৃথকভাবে নথি উপস্থাপনের মাধ্যমে সচিব মহোদয়কে অবহিত করবেন। |

৪. নির্ধারিত সকল বিষয় আলোচনার পর সভাপতি সকলকে গঠনমূলক আলোচনার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
২৪.০৩.২০১৬
আক্তারী মমতাজ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বেগম ফাহিমদা আখতার/জনাব শহীদুল ইসলাম, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপসচিব (অনুষ্ঠান) /বাজেট ব্যবস্থাপনা/ উপসচিব(প্রঃ)/উপসচিব-২/৩/উপসচিব:অধিশাখা-৪/৭/সংস্কৃতি উপদেষ্টা/উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-১/৪/৫/৬/(আইন)/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান-১/২, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। তথ্য কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা ও ডি.ডি.ও/সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৫। নির্বাহী পরিচালক, নজরুল ইনস্টিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।
- ৬। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
- ৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
- ৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ১০। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১১। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
- ১২। পরিচালক (ভারপ্রাপ্ত), কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
- ১৩। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
- ১৪। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাজশাহী।
- ১৫। উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ১৬। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
- ১৭। উপপরিচালক (ভারপ্রাপ্ত), মণিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ১৮। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ ফয়জুর রহমান ফারুক)

উপসচিব (প্রশাসন-২)

ফোন: ৯৫১৫৫১৮

e-mail:moca.admn2@gov.bd..com